দৈনিক ইনকিলাব

তারিখ ... 30 OCT 1998

পৃষ্ঠা ১১ কলাম ৬

জেলা প্রশাসক অফিস ঘেরাও

# ফেনী আলীয়া মাদ্রাসা ছাত্রাবাসে সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা

ফেনী থেকে জেলা সংবাদদাতা ঃ গত বুধবার রাতে একদল সশস্ত্র সন্ত্রাসী ফেনী আলীয়া মাদ্রাসা ছাত্রাবাসে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর, লুটপাট ছাড়াও যাবতীয় আসবাবপত্র ও কোরআন-হাদিসে অগ্নিসংযোগ করে। ক্ষতির পরিমাণ ব্যাপক বলে জানা গেছে। এ ঘটনার প্রতিবাদে মাদ্রাসার ছাত্ররা গতকাল (বৃহস্পতিবার) ক্লাস বর্জন করে এবং একটি মিছিল সহকারে জেলা প্রশাসক অফিস ঘেরাও করে। তারা একটি স্মরকলিপি প্রদান করে। জেলা প্রশাসকের পক্ষে স্মারকলিপিটি গ্রহণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)। ছাত্ররা মাদ্রাসার অধ্যক্ষকেও অনুরূপ একটি স্মারকলিপি প্রদান করে। ইসলামী ছাত্র শিবির ফেনী জেলা সভাপতি ও সেক্রেটারী যথাক্রমে সৈয়দ আবদুল মতিন ও দিদারুল আলম এবং শহর সভাপতি ও সেক্রেটারী যথাক্রমে মোঃ মোস্তফা ও মেজবাহ উদ্দীন এক যুক্ত বিবৃতিতে আলীয়া মাদ্রাসা ছাত্রাবাসে সন্ত্রাসী হামলার জন্য ছাত্রলীগের সন্ত্রাসীদের দায়ী করেন। বিবৃতিতে তারা কোরআন, হাদিস, বইপত্র ও মূল্যবান জিনিসপত্রে অগ্নিসংযোগের তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন।

ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি মতিউর রহমান আকন্দ ও সেক্রেটারী জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের ফেনীর ঐতিহ্যবাহী আলীয়া মাদ্রাসায় ভাঙচুর, অগ্নিসংযোগ ও লুটতরাজের তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানিয়ে গতকাল একযুক্ত বিবৃতি প্রদান করেছেন।

বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, গত কয়েকদিন যাবত হাজারী গ্রুপ পার্শ্ববর্তী কুমিল্লার গুণবতীতে হামলা চালিয়ে দু'জন শিবির ও জামায়াত কর্মীকে হত্যা করে। তারা আবার নতুন করে ফেনীর আলীয়া মাদ্রাসায় সন্ত্রাসী তাণ্ডবে মেতে উঠেছে। নেতৃবৃন্দ বলেন, মাদ্রাসা ছাত্রাবাসে অগ্নিসংযোগের পরিণতি অত্যন্ত ভয়াবহ হবে। নেতৃদ্বয় অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানান এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেন, সন্ত্রাসী তাণ্ডব বন্ধ না হলে ছাত্র-জনতা এমন আন্দোলন গড়ে তুলবে যে, সরকার পালানোর পথও খুঁজে পাবে না।